**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# বাফেলোর টপস সুপারমার্কেটে গণ গুলিবর্ষণের ঘটনার এক বছরপূর্তির দিনে গভর্নর হোকল ইস্ট বাফেলোর অত্যাবশ্যকীয় প্রয়োজন পূরণ করতে প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***ইস্ট বাফেলোর বাড়ির মালিক উন্নয়ন কর্মসূচি সম্প্রসারণ করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার***

***মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ উন্নত করতে 4 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান***

***স্থায়ী 14 মে মেমোরিয়ালের অবস্থান নির্ধারণ ও নির্মাণের জন্য 900,000 মার্কিন ডলার প্রাথমিক বিনিয়োগ***

***ঘোষণাটি সম্প্রদায়ের তাৎক্ষণিক চাহিদা পূরণের জন্য গত বছরের অভীষ্ট 50 মিলিয়ন মার্কিন ডলার অভীষ্ট বিনিয়োগের অনুবর্তী***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে ইস্ট বাফেলো সম্প্রদায়ের প্রয়োজন পূরণ করতে স্টেটের চলমান প্রয়াসের অংশ হিসাবে প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ও অনুদান প্রদান করা হবে। আজকে 14 মে, 2022 তারিখে বাফেলোর টপস সুপারমার্কেটের (Tops Supermarket) শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর সন্ত্রাসী হামলার এক বছর পূর্তি হলো।

"টপস সুপারমার্কেটের বিধ্বংসী আক্রমণের এক বছর পরেও, ইস্ট বাফেলোর প্রতি আমাদের প্রতিশ্রুতি অবিচল রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "সম্প্রদায়ের সদস্যরা এখনো আক্রমণটি নিয়ে ভুগছে, তাই সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করার জন্য মাদক অপব্যবহার ও মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA) সমর্থন পেয়ে আমরা ব্যাপকভাবে কৃতজ্ঞ। 14 মে এর মেমোরিয়ালের জন্য সমর্থন থেকে শুরু করে বাড়ি মেরামতের সহায়তায় অতিরিক্ত তহবিল প্রদান করা পর্যন্ত, আমরা ইস্ট বাফেলোকে যতভাবে সম্ভব সমর্থন করতে থাকবো।"

2022 সালের জুন মাসে সম্প্রদায়টির তাৎক্ষণিক চাহিদা পূরণ করতে গভর্নর হোকল যে 50 মিলিয়ন মার্কিন ডলার অভীষ্ট বিনিয়োগের ঘোষণা করেছিলেন, প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলারের এই ঘোষণাটি তার অনুবর্তী।

তহবিলের মধ্যে রয়েছে:

- ইস্ট বাফেলোর সফল বাড়ির মালিক উন্নয়ন কর্মসূচি (Buffalo East Homeowner Improvement Program, BEHIP) সম্প্রসারণ করতে বাড়ির মালিকদের জন্য ঘোষিত প্রাথমিক 34.5 মিলিয়ন মার্কিন ডলারের সাথে আরো **5 মিলিয়ন মার্কিন ডলার**। কর্মসূচিটি ইস্ট বাফেলোর যোগ্য বাড়ির মালিকদেরকে জরুরি বাড়ি মেরামত, যার মধ্যে কোড লঙঘন এবং প্রধান সিস্টেম মেরামত থাকবে,টি তার জন্য সাহায্য করা অব্যাহত রাখবে।
- ইস্ট বাফেলো সম্প্রদায়ের জন্য মানসিক স্বাস্থ্য সেবা পাওয়া সুযোগ উন্নত করতে মাদক অপব্যবহার ও মানসিক স্বাস্থ্য সেবা প্রশাসনের জন্য একটি **4 মিলিয়ন মার্কিন ডলারের** ফেডারেল অনুদান।
- 2022 সালের অক্টোবর মাসে **গভর্নর হোকল এবং মেয়র বায়রন ব্রাউনের** ঘোষিত 14 মে মেমোরিয়াল কমিশনের (May 14th Memorial Commission) পরিকল্পিত স্থায়ী 14 মে মেমোরিয়ালের অবস্থান নির্ধারণ ও নির্মাণ সমর্থন করার জন্য **900,000 মার্কিন ডলার** প্রাথমিক বিনিয়োগ।

4 মিলিয়ন মার্কিন ডলারের এই SAMHSA অনুদানটি চাপ ও ট্রমা পরবর্তী সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা (Resiliency in Communities After Stress and Trauma, ReCAST) অনুদান কর্মসূচি থেকে আসবে, কর্মসূচিটি উচ্চ ঝুঁকিতে থাকা কমবয়সীদের ও পরিবারকে সহায়তা করে এবং প্রমাণভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও সম্প্রদায়ের কমবয়সীদের নিযুক্ত করার কর্মসূচির মাধ্যমে স্থিতিস্থাপকতা ও সমতার প্রচার করে। এছাড়াও ReCAST চিকিৎসার প্রয়োজন আছে এমন নিজেদের জীবনের ঘটনা দ্বারা ট্রমা আক্রান্ত ব্যক্তিদেরকে ট্রমা-অবগত আচরণগত স্বাস্থ্য সেবার সাথে সংযুক্ত করে দেয়।

নিরাময়মুখী, ট্রমা-অবগত, এবং সমতাকেন্দ্রিক আচরণগত স্বাস্থ্য ও সুস্থতার জন্য কর্মসূচির বিকাশে বৈচিত্র্যময় সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের একটি জোটকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) ReCAST অনুদানকে ব্যবহার করবে। ReCAST অনুদানটি সম্প্রদায়ের পরিচালিত একটি প্রয়োজনের মূল্যায়ন ও পরিকল্পনা দ্বারা প্রদান করা হবে। অনুদানটি একাধিক কর্মসূচির অর্থায়ন করবে:

- বেস্টসেলফ বিহেভিওরাল হেলথের (BestSelf Behavioral Health) নেতৃত্বে একটি কৃষ্ণাঙ্গ মানসিক স্বাস্থ্য সাড়াদান দল (Black Mental Health Response Team) ইস্ট সাইডের কমবয়সী ও পরিবারের জন্য আউটরিচ ও উন্নয়ন কাজ অব্যাহত রাখবে।
- সেইয়েস বাফেলো (SayYes Buffalo) এবং বাফেলোর সরকার স্কুলগুলির (Buffalo Public Schools) সাথে সহযোগিতায় ইউনিভার্সিটি সাইকিয়াট্রিক প্র্যাকটিস (University

Psychiatric Practice) সম্প্রদায়ের ট্রমায় ভুগতে থাকা শিক্ষার্থীদের ক্লিনিক্যাল সমর্থন প্রদান করবে এবং শিক্ষাদানকারীদের প্রশিক্ষণ প্রদান করবে।

- বাফেলো সম্প্রদায়ের গতানুগতিক নয় এমন মানসিক সুস্থতা কর্মসূচির (Buffalo Community Non-Traditional Mental Wellness Program) মূল উদ্দেশ্য হবে শিল্পভিত্তিক থেরাপি অন্তর্ভুক্ত করা, স্থানীয় প্রার্থনার ঘর এবং আধ্যাত্মিকতাভিত্তিক নিরাময়ের সাথে সমন্বয় করার জন্য কৃষ্ণাঙ্গ/আফ্রিকান আমেরিকান ঐতিহ্য ও সংস্কৃতিকে সম্মান করা ও সংযুক্ত করা।

এর আগে এই বছরে, মানসিক স্বাস্থ্য অফিস একটি 2.35 মিলিয়ন মার্কিন ডলারের SAMHSA জরুরি সাড়াদান (SAMHSA Emergency Response Grant) অনুদান পেয়েছে, যা গত বছরে দশ ব্যক্তির প্রাণহানি করা বর্ণবাদ প্ররোচিত গুলির ঘটনা দ্বারা প্রভাবিত বাসিন্দাদের সাহায্য করার জন্য বাফেলোর ইস্ট সাইডে ব্যাপক ব্যাপ্তির মানসিক স্বাস্থ্য সংস্থান প্রদানকারী স্থানীয় সম্প্রদায়ের সংগঠনসমূহের মধ্যে বিতরণ করা হবে।

**মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "একটি মর্মান্তিক গুলিবর্ষণের ঘটনার পীড়া ও যন্ত্রণার রেশ বেদনাদায়ক ঘটনাটির অনেক পরেও থেকে যায়। ভীতি এবং নৈরাশ্যের অনুভূতি বিধ্বংসী হতে পারে। সম্প্রদায়ে আমাদের অংশীদারদের সাথে আমরা যেই কাজ করছি তা বাসিন্দাদের উপশম করছে, এবং SAMHSA এর থেকে প্রাপ্ত এই অনুদান বাফেলোর মানুষদের জন্য আরো সমর্থন প্রদানে আমাদেরকে সাহায্য করবে।"

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন,** "এক বছর আগে গোটা বাফেলো সম্প্রদায় যেই মর্মান্তিক ক্ষতির সম্মুখীন হয়েছে, যখন আমাদের দশজন মানুষকে শুধু তাদের গায়ের রংয়ের কারণে নিরর্থক হত্যা করা হয়েছিলো, তা বর্ণনা করার ভাষা আমার নেই। কিন্তু সেই মর্মান্তিক ঘটনার সম্মুখীন হয়ে ইস্ট বাফেলো সম্প্রদায় সাহস ও নেতৃত্বের সাথে ঘুরে দাঁড়িয়েছে, এবং খাদ্য অনিরাপত্তা থেকে শুরু করে ভালো বেতনের উৎপাদন ক্যারিয়ারের জন্য কর্মীদের প্রশিক্ষণ দান পর্যন্ত, ইস্ট সাইডে সরাসরি মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার জন্য আমরা কাজ করে যাচ্ছি। কিন্তু আমাদের কাজ মাত্র শুরু হয়েছে - নিরাময় এবং ভবিষ্যৎ গঠনের জন্য বাফেলোর ইস্ট সাইডের প্রয়োজন বলিষ্ঠ বিনিয়োগ। প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলারের এই তহবিলটি নিশ্চিত করবে যাতে ইস্ট সাইডের সম্প্রদায়ের কাছে উন্নত মানসিক স্বাস্থ্য সেবা, একটি শীর্ষ মানের বাড়ির মালিক উন্নয়ন কর্মসূচি পাওয়ার সুযোগ থাকে, এবং এক বছর আগে আমরা যেই ক্ষতির সম্মুখীন হয়েছি তার একটি দীর্ঘস্থায়ী স্মারক তৈরির জন্য একটি মেমোরিয়াল বানানো যায়। একত্রে আমরা অত্যন্ত স্থিতিস্থাপকতার সাথে মর্মান্তিক এই ঘটনার মোকাবেলা করেছি, এবং সকলের জন্য আরো নিরাপদ ও আরো সমতার বাফেলো গঠন করার প্রতিটি ধাপে আমি গভর্নর হোকল, আমাদের সম্প্রদায়ের নেতৃবৃন্দ, এবং সাহসী পরিবারগুলির পাশে থাকবো।"

**প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন,** "এক বছর আগে সব কিছু বদলে যায়। আমাদের সম্প্রদায়কে লক্ষ্য করা হয় এবং আমাদের প্রতিবেশী ও বন্ধুদের হত্যা করা হয়। ইস্ট বাফেলোর পুনর্গঠন এবং গভীর এই আবেগিক ক্ষত নিরাময়ের জন্য মনোযোগ অব্যাহত আছে।"

**স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন,** "জেফারসনের গণ গুলিবর্ষণের ঘটনার এক বছর পরেও এই ব্যাপারে আমাদের শোক এখনো দুর্বহ। যদিও নিরাময়ের পথ একেকজনের একেক রকম হয়, আমরা একে অন্যকে উঠে দাঁড়াতে সাহায্য করছি, এর মধ্যে রয়েছে অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহ এবং সামগ্রিক ভাবে বাফেলোর ইস্ট সাইডকে সরাসরি সমর্থন করে এমন অভীষ্ট বিনিয়োগ ও আউটরিচ। আমাদের মনে আছে যে সেইদিন আমরা 10 জন ব্যক্তিকে হারিয়েছি, তাই তাদের স্মৃতিতে আরো ভালো এবং আরো অন্তর্ভুক্তিকর একটি ভবিষ্যৎ তৈরির জন্য আমরা প্রতিজ্ঞা করেছি, এই ঘোষণাটি সেই প্রতিশ্রুতিরই অনুবর্তী।"

**সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "মা দিবস এই বছর বেশি গুরুগম্ভীর কারণ বহু পরিবার এক বছর আগে বর্ণবাদের কারণে নিরর্থকভাবে হারানো নিজেদের মা এবং প্রিয়জনকে স্মরণ ও সম্মান করছে। সান্ত্বনার সন্ধানী এই অপরাধের শিকার ব্যক্তিদের পরিবারকে, এলাকার বাসিন্দাদের এবং ভুক্তভোগীদেরকে আমরা ভালোবাসা ও সমর্থন দিয়ে যাচ্ছি। দুর্ভাগ্য এই যে, আমার মানুষদের জীবনের একটি নিয়ম হয়ে উঠেছে যেই বিদ্যমান বৈষম্য তা উপলব্ধি করতে এবং এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য বহু মানুষের একটি মর্মান্তিক ঘটনার প্রয়োজন হয়েছে। সমতার জন্য বাফেলোর ইস্ট সাইডের সামগ্রিক অ্যাডভোকেসি প্রয়াসের ক্ষেত্রে গভর্নর হোকল এবং তার প্রশাসন অতি গুরুত্বপূর্ণ অংশীদার হয়ে আছে, তারা উপলব্ধি করেছে যে বহু দশকের রেডলাইন, বিনিয়োগ স্বল্পতা, এবং ইতিমধ্যে হওয়া ক্ষয়ক্ষতির সমাধান করার জন্য অনেক ব্যাপকহারে বেশি বিনিয়োগের প্রয়োজন হবে। ঘৃণার ঘটনা থেকে আমাদের সম্প্রদায় যখন সেরে উঠছে তখন স্টেটের সংস্থান ও অব্যাহত সমর্থন প্রদান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

**বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন,** "আমরা যখন আমাদের সম্প্রদায়কে বিচলিত করে দেওয়া বর্ণবাদ প্ররোচিত গণ গুলিবর্ষণের ঘটনার বর্ষপূর্তিতে এর প্রতিফলন করে যাচ্ছি, তখন কৃষ্ণাঙ্গ বাসিন্দাদের জীবন উন্নত করা এবং ইস্ট বাফেলোর ঐতিহাসিক অসমতা কাটিয়ে উঠার জন্য ঐচ্ছিকভাবে সংস্থানের ব্যবহার করা আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে। বাড়ি মেরামত করা এবং সেই সাথে মানসিক স্বাস্থ্য সেবার সুযোগ বৃদ্ধির জন্য মুখ্য এই বিনিয়োগসমূহ কৃষ্ণাঙ্গ বাসিন্দাদের অর্থনৈতিক সচলতা অর্জন করার জন্য অত্যাবশ্যকীয়। আমাদের সিটির পাশে দাঁড়ানোর জন্য এবং আমাদের পুনরুদ্ধার ও নিরাময়ের সময় তার দৃঢ় সমর্থনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন